# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৩. রায় বা মত পোষণ করা অপছন্দনীয় বিষয়ে

بَابٌ فِي كَرَاهِيَةِ أَخْذِ الرَّأْيِ

আরবী

أَخْبَرَنَا عَفَّانُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، حَدَّثَنَا عَاصِمُ ابْنُ بَهْدَلَةَ، عَنْ أَبِي وَائِلٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ قَالَ: خَطَّ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا خَطًّا ثُمَّ قَالَ: «هَذَا سَبِيلُ اللَّهِ» ثُمَّ خَطَّ خُطُوطًا عَنْ يَمِينِهِ، وَعَنْ شِمَالِهِ، ثُمَّ قَالَ: «هَذِهِ سُبُلٌ عَلَى كُلِّ سَبِيلٍ مِنْهَا شَيْطَانٌ يَدْعُو إِلَيْهِ» ثُمَّ تَلَا (وَأَنَّ هَذَا صِرَاطِي مُسْتَقِيمًا فَاتَّبِعُوهُ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِيلِهِ) [الأنعام: 153]

إسناده حسن

বাংলা

২০৮. আবী ওয়াইল হতে বর্ণিত, আব্দুল্লাহ ইবনু মাসউদ বলেন, তিনি বলেন, আমাদের জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটি সরল রেখা টেনে বললেন: “এটা হল আল্লাহর রাস্তা, অতঃপর ডানে ও বামে আরও কতকগুলি রেখা টেনে বললেন: “এও কতকগুলি রাস্তা; তবে এসকল রাস্তার প্রত্যেকটির উপরই একটি করে শয়তান রয়েছে, তারা লোকদেরকে তার দিকে আহ্বান করছে। অতঃপর তিনি (প্রমাণ স্বরূপ) পাঠ করলেন: (“নিশ্চয়ই এটিই আমার সরল পথ, তোমরা এরই অনুসরণ কর। তোমরা অন্যান্য পথসমূহের অনুসরণ করো না। নইলে সেগুলো তোমাকে তাঁর রাস্তা থেকে দূরে সরিয়ে দিবে। ... (সূরা আনআম ৬: ১৫৩)) আয়াতের শেষ পযর্ন্ত।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান। (আলবানী একে হাসান সহীহ (তা’লিকাতুল হিসান, হা/৬), আরনাউত্ব (তাহক্বীক্ব, আল ইহসান) ‘হাসান’ এবং হাকিম (আল মুস্তাদরাক, ২/৩১৮) একে সহীহ বলেছেন এবং যাহাবী তা বজায়

রেখেছেন । দেখুন, সহীহ ইবনু হিব্বান, হা/৬- অনুবাদক)

তাখরীজ: আহমাদ, ১/৪৩৫ ও ৪৬৫; নাসাঈ (কুবরা); সহীহ ইবনু হিব্বান, হা/৬; হাকিম, মুস্তাদরাক (তাহকীক, যাহাবী) (2/318); আল ইহসান তাক্বরীব ইবনু হিব্বান, হা/6 (আরনাউত্বের তাহক্বীক্বসহ); মাওয়ারিদুয যাম'আন আলা যাওয়াইদি ইবনু হিব্বান, ৫/৪১০ হা/১৭৪১; আরো অনেকে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন